সংবাদ

তারিখ ... 5|2|83 ... ...
পৃষ্ঠা ... ... 7 কলাম ... 6 ... ...

# শিক্ষা ব্যবস্থা পুনর্বিন্যাসে সরকার কৃতসংকল্প

--মজিদ খান

ভাঙ্গা (ফরিদপুর), ৩রা ফেব্রুয়ারী (বাসস) ।-- শিক্ষা ও ধর্ম বিষয়ক মন্ত্রী জনাব আবদুল মজিদ খান জাতীয় উন্নয়ন চাহিদা পরিপূরণে পুরো শিক্ষা ব্যবস্থা পুনর্বিন্যাসে সরকারের দৃঢ় সংকল্পের কথা পুনর্ব্যক্ত করেছেন ।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা ক্ষেত্রের বর্তমান পরিস্থিতি পরিবর্তন ছাড়া দেশের সামগ্রিক উন্নয়নের কথা বলা সম্পূর্ণ অর্থহীন। তিনি বলেন, এই পরিবর্তন না আনা হলে জাতির অস্তিত্বই সংকটাপন্ন হয়ে পড়বে।

জনাব খান আজ ভাঙ্গা পাইলট হাই স্কুল প্রাঙ্গণে ভাঙ্গা মহাবিদ্যালয়, ভাঙ্গা উচ্চ বালিকা বিদ্যালয় ও ভাঙ্গা পাইলট হাই স্কুলে ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের এক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

মন্ত্রী উল্লেখ করেন যে, নতুন শিক্ষানীতির মূল লক্ষ্যই হচ্ছে স্বল্পতম সময়ের মধ্যে জনসাধারণকে একটি শিক্ষিত ও দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করা, যাতে করে প্রত্যেকেই জাতীয় উন্নয়ন কর্মকাণ্ডে ইতিবাচক ভূমিকা রাখতে পারে।

69